

একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

স্ট্যাম্প প্রশাসন শাখা

নং ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০৪.১২.৫৫৪

তারিখ : ১৫ শ্রাবণ, ১৪২৪ বঃ
৩০ জুলাই, ২০১৭ খ্রিঃ

বিষয় : লটারি অনুষ্ঠানের অনুমতি প্রদান।

নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, বাংলাদেশ সরকার নিম্নবর্ণিত শর্তে আর্ত মানবতার সেবামূলক কার্যক্রমসমূহ অব্যাহত রাখার নিমিত্ত তহবিল সংগ্রহের জন্য নিম্নোক্ত স্মারনীর প্রতিষ্ঠানসমূহের অনুকূলে জাতীয় পর্যায়ে লটারি অনুষ্ঠানের অনুমতি প্রদান করছে :

আর্তমানবতার সেবা, চিকিৎসা সেবা ও অন্যান্য সেবামূলক কার্যক্রম পরিচালিত হয় এমন বিভিন্ন প্রতিষ্ঠান হতে জাতীয় পর্যায়ে লটারি অনুষ্ঠানের জন্য আবেদন করেছেন। তন্মধ্যে নিম্নবর্ণিত ৩ টি প্রতিষ্ঠান জাতীয় পর্যায়ে সেবামূলক/চিকিৎসা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করে। নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ এর অনুকূলে জাতীয় পর্যায়ে লটারি অনুষ্ঠানের অনুমতি প্রদান করা হলো:

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম	টিকেটের মূল্যমান	টিকিট বিক্রয়ের সময়সীমা	'ড্র' অনুষ্ঠানের তারিখ
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১.	মাদক দ্রব্য ও নেশা নিরোধ সংস্থা	২০ (বিশ) টাকা	১১.০৯.২০১৭ হতে ২৫.১০.২০১৭	০৪.১১.২০১৭
০২.	বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি	২০ (বিশ) টাকা	১২.১১.২০১৭ হতে ২৬.১২.২০১৭	০৬.০১.২০১৮
০৩.	ঢাকা আহছানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল	১০ (দশ) টাকা	১৪.০১.২০১৮ হতে ২৭.০২.২০১৮	১০.০৩.২০১৮

০২। এ বিভাগের ০৮-১০-২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং ০৮.০০.০০০০.০৪০.০৬.০০৫.১০.৮১ এর মাধ্যমে গঠিত 'ড্র' কমিটি কর্তৃক লটারির 'ড্র' অনুষ্ঠান পরিচালনা করতে হবে (কপি সংযুক্ত)।

০৩। লটারি পরিচালনা/অনুষ্ঠানের শর্তাবলী :

- পুরস্কারসহ লটারি অনুষ্ঠানের সমুদয় ব্যয় বিক্রিত টিকেটের মূল্যমানের অনূর্ধ্ব ৪৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে ;
- লটারি অনুষ্ঠানকারি প্রতিষ্ঠান কর্তৃক আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৫ ধারা মোতাবেক উৎসে কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক আয়কর আদায়কারি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে ;
- লটারি অনুষ্ঠানকারী প্রতিষ্ঠান কর্তৃক মূল্য সংযোজন কর আইন ১৯৯১ অনুযায়ী টিকেট বিক্রয়কারীর নিকট থেকে মূল্য সংযোজন কর কর্তনপূর্বক সরকারী কোষাগারে জমা প্রদান করে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে ;


চলমান পাতা-০২

পূর্ব পৃষ্ঠার পর--

- (ঘ) লটারি অনুষ্ঠানের অনুমতি কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট কোন অবস্থাতেই বিক্রয়/হস্তান্তর করা যাবে না ;
- (ঙ) কোন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লিনিকের মাধ্যমে বা উহার অভ্যন্তরে লটারির টিকেট বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রচার করা যাবে না ;
- (চ) এজেন্ট নিয়োগ এবং মোবাইল ফোনের মাধ্যমে লটারির টিকেট বিক্রয় সংক্রান্ত তথ্যাদি টিকেট বিক্রয় শুরুর পূর্বেই অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে অবহিত করতে হবে ;
- (ছ) টিকেট বিক্রি শুরু থেকে 'ড্র' অনুষ্ঠান পর্যন্ত যে কোন সময় প্রয়োজনে কর্তৃপক্ষ সামগ্রিক কার্যক্রম পরিদর্শন করতে পারবে ;
- (জ) শুধু বিক্রিত টিকেটের মধ্যেই লটারির 'ড্র' অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করতে হবে;
- (ঝ) টিকেট বিক্রয় সংক্রান্ত গ্রস আয়ের পরিমাণ এবং লটারির জন্য বিবেচ্য টিকেটের পূর্ণাংগ তালিকায় 'লটারি ড্র কমিটি' এর সকল সদস্যের স্বাক্ষরের পর "ড্র" অনুষ্ঠান করতে হবে ;
- (ঞ) লটারি অনুষ্ঠানের ২(দুই) মাসের মধ্যে পুরস্কার বিতরণ নিশ্চিত করে পুরস্কার বিতরণ সংক্রান্ত তথ্যাদি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে ;
- (ট) উপরোক্ত (খ) ও (গ) শর্তের আলোকে প্রদেয় রাজস্ব সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত প্রমানাদি তথ্যাদি (ট্রেজারী চালানের কপিসহ) 'ড্র' অনুষ্ঠানের ৯০ (নব্বই) দিনের মধ্যে অত্র বিভাগের সিনিয়র সচিব বরাবরে দাখিল করতে হবে ; এবং
- (ঠ) সরকার কর্তৃক নিবন্ধনকৃত কোন সি, এ ফার্মের দ্বারা নিরীক্ষা সম্পাদন পূর্বক লটারির টিকেট বিক্রয়লব্ধ সমুদয় অর্থের আয় ও ব্যয়ের হিসাব বিবরণীর ৩ (তিন) কপি "ড্র" অনুষ্ঠানের ৯০ (নব্বই) দিনের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে ।

০৪। উপরোক্ত শর্তাবলী লঙ্ঘন/অমান্য করা হলে, জাতীয় লটারি নীতিমালা, ২০১১ এর ৮ অনুচ্ছেদ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হবে ।

০৫। লটারি অনুষ্ঠানের এ অনুমোদন যে কোন সময় বাতিল বা সংশোধন করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।


(ডাঃ মোঃ হামিদুল হক)

উপসচিব

ফোন-০২ ৯৫৪ ০২৬১

বিতরণ :

- ১। সভাপতি, মাদক দ্রব্য ও নেশা নিরোধ সংস্থা, ১৫৪, গ্রীণ স্কয়ার, গ্রীণ রোড, ঢাকা-১২০৫ ।
- ২। মহাসচিব, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ৬৮৪-৬৮৬ রেড ক্রিসেন্ট সড়ক, বড় মগবাজার, ঢাকা ।
- ৩। সভাপতি, ঢাকা আহছানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল, বাড়ী নং-১৯, সড়ক নং-১২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য :

- ১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। চেয়ারম্যান, বিটিআরসি, ঢাকা।
- ৯। বিভাগীয় কমিশনার (সকল),
- ১০। সদস্য (কর জরীপ ও পরিদর্শন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১। সদস্য (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ১৩। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। যুগ্মসচিব (স্ট্যাম্প) ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।